তারিখ ৬/১১/২০০০
পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক সংবাদ

০৪

# মার্কিন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এনআইআইটির নতুন শিক্ষা সম্পৃক্তি চুক্তি

ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি (এনআইআইটি), মার্কিন যুক্তরাষ্ট্রের সাউদার্ন নিউ হ্যাম্পশায়ার ইউনিভার্সিটি (এসএনএইচইউ), ম্যানচেস্টার, এনএইচ, ইউএসএর সঙ্গে একটি বিশেষ শিক্ষা ব্যবস্থাপনার আওতায় এনআইআইটির দুবছর মেয়াদি কোর্স সম্পন্ন করা অ্যালামনাই ছাত্রদের জন্যে বিশেষ বৈচিত্র্যময় সুবিধা ও বিশেষ ব্যবস্থাসহ শিক্ষা সম্পৃক্তির ঘোষণা দিয়েছে।

এ বিশেষ সরাসরি ব্যবস্থায় এনআইআইটির দুবছর মেয়াদি কোর্স সম্পন্ন করা অ্যালামনাই ছাত্ররা সাউদার্ন নিউ হ্যাম্পশায়ার ইউনিভার্সিটিতে ব্যাচেলর অফ এ্যাপলাইড সাইন্স ইন ইনফরমেশন সিস্টেমস (বিএএসআইএস)-এ ভর্তি হতে পারবেন এবং পুনরায় ১৫ মাসের কোর্স সম্পন্ন করে ব্যাচেলর ডিগ্রি অর্জন করতে পারবেন। এ বিশেষ শিক্ষা ব্যবস্থাপনার বৈশিষ্ট্য হলো মোট ১৫ মাসের মধ্যে ৯ মাস তারা মার্কিন শিল্প প্রতিষ্ঠানে পূর্ণ বেতনে কাজের সুযোগ পাবেন। এ ভর্তির জন্যে মনোনয়ন প্রক্রিয়া এনআইআইটির ছাত্রদের দক্ষতা ও মেধা তালিকার ভিত্তিতে সম্পন্ন হবে। উল্লেখ্য এ সুবিধার আওতায় জুন সেশনে ছাত্রভর্তি প্রক্রিয়া ইতোমধ্যেই শুরু হয়েছে।

এনআইআইটি এবং এসএনএইচইউর মধ্যে এ শিক্ষা বিষয়ক পারস্পরিক সম্পৃক্তি বিশ্বের বেশ কয়েকটি দেশের বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে এনআইআইটি শিক্ষা সম্পৃক্তির সর্বসাম্প্রতিক প্রয়াস। ইতোপূর্বে এনআইআইটি বিভিন্ন অস্ট্রেলিয়ান বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যভিত্তিক বিশ্ববিদ্যালয়ে সঙ্গে এ ধরনের শিক্ষা সম্পৃক্ত চুক্তি করেছে। সংবাদ বিজ্ঞপ্তি।